গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
ডুমুরিয়া, খুলনা
www.dumuria.khulna.gov.bd

**উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা এর জানুয়ারি-২০২৫ খ্রি: মাসের সভার কার্যবিবরণী:**

সভাপতি : মুহাম্মদ আল-আমিন, প্রশাসক, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা।

সভার স্থান : উপজেলা কমপ্লেক্স সম্প্রসারিত প্রশাসনিক ভবনের হলরুম, ডুমুরিয়া, খুলনা।

সভার তারিখ ও সময় : ২৮ জানুয়ারি, ২০২৫ সময় – দুপুর ১২.০০ টা

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কার্যপত্র উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর তিনি আলোচ্যসূচি অনুসারে গৃহিত বিষয়সমূহ আলোচনা করেন এবং সে অনুযায়ী সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক বিগত ৩০ ডিসেম্বর, ২০২৪ খ্রি: তারিখে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী উক্ত সভায় উপস্থাপন করা হয়। কোনোরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করার প্রতি গুরুত্বারোপ করা হয়। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ৩০ ডিসেম্বর, ২০২৪ খ্রি: তারিখের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা |
| ২ | গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় আলোচনা হয়। সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক পরবর্তী সভার পূর্বে অবহিত করলে কার্যবিবরণী প্রস্তুতে সহায়ক হয়। সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি সন্তোষজনক। | সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন এবং নতুন এজেন্ডা সম্পর্কিত প্রতিবেদন ১৫ দিনের মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তা ডুমুরিয়া, খুলনা |
| ৩ | আয়-ব্যয়ের হিসাব | উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা জানুয়ারি-২০২৫ মাসে উপজেলা পরিষদ রাজস্ব ও উন্নয়ন তহবিলে জমা/আয় এবং উক্ত তহবিল হতে ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন যা-নিম্নরূপ:<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আয় বিবরণী:<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জানুয়ারি-২০২৫ মাসে স্থিতি পরিমাণ-২,৭২,০২,৯৪০.৩১/- টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থিতির পরিমাণ-৭,৩৭,৬২,৫৯৯.৩৮/- টাকা। | ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ বিধি মোতাবেক জমা এবং ব্যয় নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ ডুমুরিয়া, খুলনা |

CamScanner

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪ | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিভিন্ন ব্যয় ও প্রকল্প গ্রহণ | ১) জনাব মোঃ রিয়াজুল ইসলাম, প্রোঃ ড্রিম কম্পিউটার, ফ্রেন্ড মার্কেট খুলনা, উপজেলা পরিষদের কম্পিউটার প্রিন্টারের কালি, কী-বোর্ড ও মাউস ক্রয় বাবদ মোট ২৫,০০০/- টাকা ব্যয়িত হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১) উপজেলা পরিষদের কম্পিউটার প্রিন্টারের কালি, কী-বোর্ড ও মাউস ক্রয়ের ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ২) জনাব গোবিন্দ কুমার দাস, ক্যাবল অপারেটর, ডুমুরিয়া, খুলনা, উপজেলা পরিষদের ইন্টারনেট সংযোগে মোট ২৫,০০০/- টাকা ব্যয়িত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২) উপজেলা পরিষদের ইন্টারনেট সংযোগের ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ৩) দৈনিক পূর্বাঞ্চল, ৩৮ ইকবাল নগর মসজিদ রোড, খুলনা-৯১০০ এর বাংলা ১৪৩২ সনের ডুমুরিয়া উপজেলাধীন হাট-বাজার ইজারার প্রথম পর্যায়ে বিজ্ঞাপন বিল বাবদ মোট ৩৪,৯৩১/- টাকা ব্যয়িত হয় ।এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৩) বাংলা ১৪৩২ সনের ডুমুরিয়া উপজেলাধীন হাট-বাজার ইজারা প্রথম পর্যায়ে বিজ্ঞাপন বিল ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ৪) দৈনিক দিনকাল, ৪৪১/১ তেজগাঁও শিল্প এলাকা ঢাকা-১২০৮, বাংলা ১৪৩২ সনের ডুমুরিয়া উপজেলাধীন হাট-বাজার ইজারা প্রথম পর্যায়ে বিজ্ঞাপন বিল বাবদ মোট ৬২,১০০/- টাকা ব্যয়িত হয় ।এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৪) বাংলা ১৪৩২ সনের ডুমুরিয়া উপজেলাধীন হাট-বাজার ইজারা প্রথম পর্যায়ে বিজ্ঞাপন বিল ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ ডুমুরিয়া, খুলনা |
| | | ৫) জনাব সুশান্ত মন্ডল, ইলেক্ট্রিশিয়ান, উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া, খুলনা উপজেলা পরিষদের অফিসার্স কোয়াটারে বৈদ্যুতিক মালামাল ক্রয় বাবদ মোট ২৪,৯৮৫/- টাকা ব্যয়িত হয় ।এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৫) উপজেলা পরিষদের অফিসার্স কোয়াটারে বৈদ্যুতিক মালামাল ক্রয়ে ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ৬) জনাব নারায়ন চন্দ্র দাস, পরিচ্ছন্নতাকর্মী, ডুমুরিয়া, খুলনা উপজেলা পরিষদের বনলতা কোয়াটারে বৈদ্যুতিক মালামাল ক্রয় বাবদ মোট ২৫,০০০/- টাকা ব্যয়িত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৬) উপজেলা পরিষদের বনলতা কোয়াটারে বৈদ্যুতিক মালামাল ক্রয় ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ৭) জনাব সুশান্ত মন্ডল, ইলেক্ট্রিশিয়ান, উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া, খুলনা উপজেলা পরিষদের অফিসার্স কোয়াটারে পানির লাইনের মালামাল ক্রয় বাবদ মোট ২৪,৯৭৯/- টাকা ব্যয়িত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত | ৭) উপজেলা পরিষদের অফিসার্স কোয়াটারে পানির লাইনের মালামাল ক্রয় ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব | |

CamScanner

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | আলোচনা করা হয়।<br><br>৮) জনাব নারায়ন চন্দ্র দাস, পরিচ্ছন্নতাকর্মী, ডুমুরিয়া, খুলনা উপজেলা পরিষদের ডরমেটরির পানির লাইনের মেরামতের জন্য মালামাল ক্রয় বাবদ মোট ২৫,০০০/- টাকা ব্যয়িত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>৯) জনাব জয় দেবনাথ, প্রোঃ নিগাম বস্ত্রালয়, কাউন্সিল সড়ক, ডুমুরিয়া, খুলনাকে উপজেলার গরিব শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরনের জন্য কম্বল ক্রয় বাবদ মোট ১,৫০,০০০/- টাকা ব্যয়িত হয়।এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৮) উপজেলা পরিষদের ডরমেটরির পানির লাইনের মেরামতের জন্য মালামাল ক্রয়ে ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৯) উপজেলার গরিব শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরনের জন্য কম্বল ক্রয় ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৫ | উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা | ক) উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় প্যাকেজ নং- UDF/Dumu/23-24/P-06 এর ঠিকাদার মেসার্স পারভেজ এন্টারপ্রাইজ, পাইকগাছা, খুলনা কাজ বাস্তবায়ন কালে নিম্নোক্ত সমস্যা সমূহ পরিলক্ষিত হয়:-<br><br>১. পরিশিষ্ট 'ক' তে বর্ণিত ক্রমিক নং ৬৩৬ রুদাঘরা ইউনিয়নে ০২নং ওয়ার্ডে ইলিয়াজ মাষ্টারের বাড়ি- হাসান আলী বিশ্বাস এর বাড়ি অভিমুখি রাস্তার জায়গার জটিলতার কারণে সম্পূর্ণ কাজটি বাস্তবায়ন করা সম্ভব হয়নি বিধায় উক্ত রাস্তার অনুমোদিত অসম্পূর্ণ অংশ পরিশিষ্ট 'ক' তে বর্ণিত ক্রমিক নং ৬৬৭ তে বর্ণিত একই ইউনিয়নে মিকশিমিল বিশ্বাস বাড়ির মসজিদ-ডা: মোকবুল হোসেন গাজীর বাড়ির অভিমুখে সড়কে কাজ বাস্তবায়ন করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট ঠিকাদার ও উপ-সহকারী প্রকৌশলী জানান। উল্লেখ্য যে বরাদ্দকৃত অর্থের কোন পরিবর্তন হয়নি।<br><br>এমতাবস্থায় ক্রমিক নং ৬৩৬ এ বর্ণিত রাস্তার অবশিষ্ট কাজ ক্রমিক নং ৬৬৭ এ বর্ণিত রাস্তার বাস্তবায়নত্তোর অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br><br>(খ) উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, নিম্নেবর্ণিত স্কীমগুলি পরিবর্তনপূর্বক বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন।<br><br>ক্রমিক: ৩৪২ ও ৬৯১ — পূর্বের অনুমোদিত স্কীম: রুদাঘরা এজাহার সরদারের বাড়ি হতে মহির সরদারের বাড়ী অভিমুখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন এবং ধামালিয়া — পরিবর্তিত স্কীম: (১) নিরাপদ দাস, পিতা- মাদার দাস, সাং- আরাজি সাজিয়াড়া এর বাড়ির পাশে গভীর নলকূপ | ক) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্রমিক নং ৬৩৬ এ বর্ণিত রাস্তার অবশিষ্ট কাজ ক্রমিক নং ৬৬৭ এ বর্ণিত রাস্তায় বাস্তবায়নত্তোর অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br><br>(খ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্রমিক নং ৩৪২ এবং ৬৯১ এ বরাদ্দকৃত অর্থ দ্বারা পরিবর্তিত ৩টি স্কীম বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ এবং উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া, খুলনা |

| ক্রমিক | পূর্বের অনুমোদিত স্কীম | পরিবর্তিত স্কীম |
|---|---|---|
| ৩৪২ ও ৬৯১ | রুদাঘরা এজাহার সরদারের বাড়ি হতে মহির সরদারের বাড়ী অভিমুখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন এবং ধামালিয়া | (১) নিরাপদ দাস, পিতা- মাদার দাস, সাং- আরাজি সাজিয়াড়া এর বাড়ির পাশে গভীর নলকূপ |

CamScanner

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>বিস্তারিত আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td></td><td>কাটেংগা মেইন রাস্তা হতে আলম হালদারের বাড়ী হয়ে কান্দর অভিমুখী রাস্তা ইউনি ব্লক দ্বারা উন্নয়ন- ৩,৫০,০০০.০০/-</td><td>স্থাপন।<br>(২) সদর ইউনিয়নে ৮নং ওয়ার্ড নিলুফা বেগম, স্বামী- শন্টু, গ্রাম- ডুমুরিয়া এর বাড়ির পাশে গভীর নলকূপ স্থাপন।<br>(৩) সদর ইউনিয়নে ৮নং ওয়ার্ড মাহফুজ বেগম, মৃত হালিম খান, গ্রাম- ডুমুরিয়া এর বাড়ির পাশে গভীর নলকূপ স্থাপন- ৩,৫০,০০০.০০/-</td></tr>
</table>
গ) ২০২২-২৩ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় নিম্নে বর্ণিত স্কীম গুলি পরিবর্তনপূর্বক বাস্তবায়নের জন্য চেয়ারম্যান, ডুমুরিয়া ইউপি, ডুমুরিয়া খুলনা মাসিক সভায় উপস্থাপন করেন ।
<table>
<tr><th>ক্রমিক</th><th>পূর্বের অনুমোদিত স্কীম</th><th>পরিবর্তিত স্কীম</th></tr>
<tr><td>৩৪৮</td><td>(ক) ডুমুরিয়া ইউনিয়নে গোলনা কালভার্টের পার্শ্বে মোশারফ খানের বাড়ীর সামনে পিচের রাস্তা হতে আলহাজ্ব আলতাফ হোসেন খানের বাড়ী অভিমূখে রাস্তা ইটের সোলিং দ্বারা সংস্কার- ১,০০,০০০.০০/-<br>(খ) গোলনা মধ্যপাড়া মসজিদ হতে এতিমখানা মাদ্রাসা অভিমূখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন- ১,০০,০০০.০০/-</td><td>ক. গোলনা মোহাম্মাদিয়া হাফিজিয়া মাদ্রাসা ও এতিমখানা উন্নয়ন কাজে ১,০০,০০০/-<br>খ. মো: জলিল খান, পিতা- আমজাত হোসেন খান, গ্রাম- গোলনা এর বাড়ীর পার্শ্বে ১টি গভীর নলকূপ স্থাপন ১,০০,০০০/-</td></tr>
</table>
(ঘ) উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২২-২৩ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় উপজেলা অফিসার্স ক্লাব নির্মানের জন্য ১০,০০,০০০.০০ টাকার দরপত্র আহবান করা করে ঠিকাদার নির্ধারণ করা হয় কিন্তু উপজেলা অফিসার্স ক্লাবের সকল সদস্যের সিদ্ধান্ত অনুযায়ী অফিসার্স ক্লাবটি না ভেঙ্গে অন্য কাজ করার জন্য পরামর্শ প্রদান করেন । সে মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দের পরামর্শ অনুযায়ী আহবানকৃত দরপত্রটির কাজ পরিবর্তন পূর্বক বিধিমোতাবেক উপজেলা পরিষদের জোবায়েদ আলি মিলনায়তনের দক্ষিণ পাশ্বে হতে ১নং গেট পর্যন্ত রাস্তা ভেঙ্গে যাচ্ছে বিধায় উক্ত রাস্তাটি সংরক্ষনের জন্য খালের নীচ দিয়ে প্রোটেকশন ওয়াল নির্মাণের জন্য প্রস্তাব করেন।
</td><td>(গ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্রমিক নং ৩৪৮ এ বরাদ্দকৃত অর্থ দ্বারা পরিবর্তিত স্কীমগুলি বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br><br>ঘ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে আহবানকৃত দরপত্রটির কাজ পরিবর্তন পূর্বক ঠিকাদারের দেওয়া দরের মধ্যে সীমাবদ্ধ রেখে সংশোধিত প্রাক্কালন অনুমোদন সাপেক্ষে একই ঠিকাদার কর্তৃক উপজেলা পরিষদের জোবায়েদ আলি মিলনায়তনের দক্ষিণ পার্শ্বে হতে ১নং গেট পর্যন্ত রাস্তা ভেঙ্গে যাচ্ছে বিধায় উক্ত রাস্তাটি সংরক্ষণের জন্য খালের নীচ দিয়ে প্রোটেকশন ওয়াল নির্মাণের কাজ বিধি মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।</td><td></td></tr>
</table>

CamScanner

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>বিস্তারিত আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>ঙ) উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত স্কীমগুলি পরিবর্তনপূর্বক বাস্তবায়নের জন্য চেয়ারম্যান, ডুমুরিয়া, খুলনা মাসিক সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্রমিক</th><th>পূর্বের অনুমোদিত স্কীম</th><th>পরিবর্তিত স্কীম</th></tr>
<tr><td>৯৫</td><td>হাজিডাঙ্গা গোষ্ঠ জোয়াদ্দারের বাড়ী হতে নারায়ন মন্ডলের বাড়ী পর্যন্ত ১,০০,০০০/- ও সাজিয়াড়া গফুর গাজীর বাড়ী হতে আয়ুব গাজীর বাড়ী ১,০০,০০০/- ও পুলিন বিশ্বাসের বাড়ী হতে অমল বিশ্বাসের বাড়ী অভিমুখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন ১,০০,০০০/- ও ০৪ নং ওয়ার্ডে মির্জাপুর গ্রামে অসহায় দুস্থদের মাঝে টিন বিতরন ১,০০,০০০/- এবং আফজাল হোসেন মোড়ল, পিতা: মৃত আলতাফ হোসেন মোড়ল, সাং: আরাজি ডুমুরিয়া, ০৫ নং ওয়ার্ড এর বাড়ীর সামনে জনসাধারনের ব্যবহারের জন্য গভীর নলকূপ স্থাপন ১,২৫,০০০/- ।</td><td>ক) হাজিডাঙ্গা গোষ্ঠ জোয়াদ্দারের বাড়ী হতে নারায়ন মন্ডলের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং করন ৯০,০০০/-<br>খ) সাজিয়াড়া গফুর গাজীর বাড়ী হতে আয়ুব গাজীর বাড়ী পর্যন্ত রাস্তা সোলিং করন ৮৫,০০০/-<br>গ) আফজাল হোসেন মোড়ল, পিতা: মৃত আলতাফ হোসেন মোড়ল, সাং: আরাজি ডুমুরিয়া, ওয়ার্ড: নং-০৫ এর বাড়ীর সামনে জনসাধারনের ব্যবহারের জন্য গভীর নলকূপ স্থাপন ১,২৫,০০০/-<br>সর্বোমোট=৩০০০০০/- টেন্ডার।</td></tr>
<tr><td>৯৬</td><td>আরাজি সাজিয়াড়া সামসু মোড়লের বাড়ী হতে নারায়ন মন্ডলের বাড়ী পর্যন্ত ১,০০,০০০/- ও ডুমুরিয়া কাটাখালী মেইন রাস্তা হতে আবুলের বাড়ী হয়ে মমতাজের বাড়ী পর্যন্ত ১,০০,০০০/- ও ০৯নং ওয়ার্ড ডুমুরিয়া সাদী শেখের বাড়ী হতে ফরিদ শেখের বাড়ী ১,০০,০০০/- ও খলশী জাফর খানের বাড়ী হতে কবর স্থান পর্যন্ত ১,০০,০০০/- ও আরাজি ডুমুরিয়া মেইন রোড হতে জাহানারা বাড়ী পর্যন্ত ১,০০,০০০/- ও ডুমুরিয়া কাটাখালী মেইন রাস্তা হতে সন্তোষ শীলের বাড়ী পর্যন্ত রাস্তা ১,০০,০০০/- ইটের সোলিং দ্বারা উন্নয়ন।</td><td>ক) আরাজি সাজিয়াড়া সামসু মোড়লের বাড়ী হতে নারায়ন মন্ডলের বাড়ী পর্যন্ত ৭৫,০০০/-<br>খ) ০৯নং ওয়ার্ড ডুমুরিয়া সাদী শেখের বাড়ী হতে ফরিদ শেখের বাড়ী ৭৫,০০০/-<br>গ) আরাজি ডুমুরিয়া মেইন রোড হতে জাহানারা বাড়ী পর্যন্ত ৭৫,০০০/-<br>ঘ) ডুমুরিয়া কাটাখালী মেইন রাস্তা সন্তোষ শীলের বাড়ী পর্যন্ত রাস্তা ৭৫,০০০/- ইটের সোলিং দ্বারা উন্নয়ন-৩,০০,০০০/- টেন্ডার</td></tr>
<tr><td>৯৭</td><td>খলশী মেইন রাস্তা হতে ক্যাডেট স্কীম মাদ্রাসা অভিমুখী রাস্তা সি সি দ্বারা উন্নয়ন ১,০০,০০০/- ও</td><td>ক. খলশী পূর্বপাড়া মেইন রাস্তা হতে কামরুল গাজীর বাড়ী অভিমুখি রাস্তা সোলিং</td></tr>
</table>
</td><td>ঙ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্রমিক নং ৯৫, ৯৬ এবং ৯৭ (খ) টেন্ডার এবং ৯৭ (ক), (গ) ও ১০১ এ পিআইসি এর মাধ্যমে পরিবর্তিত স্কীমগুলি বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।</td><td></td></tr>
</table>

CamScanner

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | | | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|---|
| | | | বাবুল মোড়ল, পিতা- মুজিবর মোড়ল, গ্রাম- ডুমুরিয়া, ওয়ার্ড-০৯ ও শাকিল শেখ, পিতা- নুর ইসলাম, গ্রাম- আরাজি ডুমুরিয়া, ওয়ার্ড-০৫ এর বাড়ীর পাশে জনসাধারনের ব্যবহারের জন্য গভীর নলকূপ স্থাপন ১,২৫,০০০/- | করণ ৪০,০০০/- ও খলশী মেইন রাস্তা হতে হালিম শেখের বাড়ীর অভিমুখি রাস্তা সোলিং করণ ৩৫,০০০/- এবং মো: জাহাঙ্গীর খান, পিং-মৃত ইব্রাহিম খান, গ্রাম- খলশী ওয়ার্ড নং-২ এর বাড়ির পাশে জনসাধারণের ব্যবহারের জন্য গভীর নলকূপ স্থাপন =১,২৫,০০০/- সর্ব মোট=২,০০,০০০/- পিআইসি<br>খ) খলশী জাফর খানের বাড়ি হতে কবরস্থান অভিমুখি ড্রেন নির্মাণ ৭০,০০০/- ও মির্জাপুর পুলিন বিশ্বাসের বাড়ী হতে অমল বিশ্বাসের বাড়ী অভিমুখি রাস্তা সোলিং করণ ৬০,০০০/- এবং আরাজি ডুমুরিয়া পুলিন বিশ্বাসের বাড়ী হতে অমর বিশ্বাসের বাড়ী অভিমুখি রাস্তা সোলিং করণ ৭০,০০০/- সর্বমোট = ২,০০,০০০/- টেন্ডার<br>গ) ডুমুরিয়া কাটাখালী মেইন রাস্তা হতে আবুলের বাড়ি হয়ে মমতাজের বাড়ি অভিমুখি রাস্তা সোলিং করন ৭৫,০০০/- এবং বাবুল মোড়ল, পিং মুজিবর মোড়ল, গ্রাম- ডুমুরিয়া ওয়ার্ড নং-৯ এর বাড়ীর পাশে জনসাধারণের ব্যবহারের জন্য গভীর নলকূপ স্থাপন ১,২৫,০০০/- সর্বমোট ২,০০,০০০/- পিআইসি | | |
| | | ১০১ | ডুমুরিয়া বাজার পুরাতন সাব: রেজিস্ট্রি অফিস জামে মসজিদ উন্নয়ন ১,০০,০০০/- ও ডুমুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের পিছনে হাফিজ শেখের বাড়ী হতে নজরুল মিস্ত্রীর বাড়ী | ক) ডুমুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের পিছনে হাফিজ শেখের বাড়ী হতে নজরুল মিস্ত্রীর বাড়ী অভিমুখে রাস্তা সি, সি দ্বারা উন্নয়ন ৭৫,০০০/- এবং | | |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>বিস্তারিত আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td></td><td>অভিমুখে রাস্তা সি, সি দ্বারা উন্নয়ন ১,০০,০০০/- ও বিকাশ চন্দ্র সানা, পিতাঃ মৃত রামলাল সানা, গ্রামঃ সাজিয়াড়া, ওয়ার্ডঃ ০৩ এর বাড়ীর পাশে জনসাধারনের ব্যবহারের জন্য গভীর নলকূপ স্থাপন ১,২৫,০০০/-</td><td>মফিজুল মোড়ল, পিং- মোফাজ্জেল মোড়লা, গ্রামঃ আরাজি ডুমুরিয়া, ওয়ার্ডঃ ০৫ এর বাড়ীর পাশে জনসাধারনের ব্যবহারের জন্য গভীর নলকূপ স্থাপন ১,২৫,০০০/- সর্বোমোট ২,০০,০০০/-পিআইসি</td></tr>
</table>
<br>
(চ) উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত স্কীমের পরিবর্তে পরিবর্তিত স্কীমগুলি বাস্তবায়নের জন্য চেয়ারম্যান, মাগুরখালী ইউপি, উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থাপন করেন।
<br>
<table>
<tr><th>ক্রমিক</th><th>পূর্বের অনুমোদিত স্কীম</th><th>পরিবর্তিত স্কীম</th></tr>
<tr><td>২৮৮ ও ২৯৪</td><td>১৪ নং মাগুরখালী ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণ- ১,০০,০০০/- ১৪ নং মাগুরখালী ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ছাত্রীদের মধ্যে বাইসাইকেল বিতরণ-১,০০,০০০/-</td><td>হেতালবুনিয়া বাজার থেকে কোড়াকাটা গ্রামের রাস্তার অভিমুখের রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন</td></tr>
<tr><td>২৯৫</td><td>১৪ নং মাগুরখালী ইউনিয়নের দুঃস্থ ও স্বামী পরিত্যাক্তদের মধ্যে সেলাই মেশিন বিতরণ- ২,০০,০০০/-</td><td>গাজীনগর ওয়াপদার চলমান ইটের রাস্তা হতে শাহাজানের বাড়ির অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন</td></tr>
</table>
<br>
ছ) উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় প্যাকেজ নং- UDF/DUMU/23-24/P-15 ঠিকাদার জিয়াউল হক, রূপসা, খুলনা কাজ বাস্তবায়ন কালে বিভিন্ন কাজের কম বেশী হয়। ইহার মধ্যে ১৪৭ নং ক্রমিকের মাওলানা ভাসানী মোমোরিয়াল কলেজের অভ্যন্তরের রাস্তা সিসি দ্বারা উন্নয়নমূলক কাজটির অনুমোদিত প্রাক্কলিত মূল্য অপেক্ষা অধিক কাজ করা হয়। উক্ত প্যাকেজের পূর্বের প্রাক্কলিত মূল্য ছিল ২৪,৫০,০০০.০০ টাকা। কাজ অধিক হওয়ায় সংশোধিত প্রাক্কলিত মূল্য ২৬,৫৮,২৫১.০০ টাকা হয়। যাহা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো।
</td><td>চ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্রমিক নং ২৮৮, ২৯৪ ও ২৯৫ এ ইতিপূর্বে অনুমোদিত স্কীমের এর পরিবর্তে বর্তমানে দাখিলকৃত স্কীমগুলি পিআইসি এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।
<br><br>
ছ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে সংশোধিত প্রাক্কলিত মূল্য ২৬,৫৮,২৫১.০০ টাকা অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।</td><td></td></tr>
<tr><td>৬</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, পরিচালক (সমাজসেবা নিরাপত্তা) সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা মহোদয়ের স্মারক নং- ৪১.০১.০০০০.০৪১.১৪.০১০.৪৭৭ তারিখঃ ০৪/০৭/২৪ খ্রিঃ মূলে ২০২৪-২৫ অর্থ বছরে বিগত বছরের ন্যায় এ বছরও সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাধীন বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা</td><td>সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে ডুমুরিয়া উপজেলাধীন ১৪ টি ইউনিয়নে পর্যায়ক্রমিকভাবে লাইভ ভেরিফিকেশন সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে ইউনিয়ন পরিষদের</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চেয়ারম্যান (সকল)</td></tr>
</table>

CamScanner

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কর্মসূচি, অনগ্রসর জনগোষ্ঠীর (বিশেষ ভাতা, শিক্ষা উপবৃত্তি) এবং হিজড়া ভাতা কর্মসূচির সুবিধাভোগীদের লাইভ ভেরিফিকেশন করা প্রয়োজন।তিনি আরও বলেন, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর সুবিধাভোগীদের দোরগোড়ায় ভাতার অর্থ পৌছানোর লক্ষ্যে ২০২০-২১ অর্থ বছরের ২য় কিস্তি হতে G2P পদ্ধতিতে বিতরণ করা হচ্ছে। তিনি জানান লাইভ ভেরিফিকেশন এর উদ্দেশ্য হলো: মৃত ভাতাভোগীদের চিহ্নিত করা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচির কোনো উপকারভোগী পুনঃবিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছেন কি না প্রতিবন্ধী ভাতা ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি কর্মসূচির আওতায় সুবর্ণ নাগরিক কার্ড ব্যতিরেকে আর্থিক সুবিধা গ্রহণ করছেন কিনা এ বিষয়ে সভায় বিস্তারিত অলোচনা করা হয়। | সম্মানিত চেয়ারম্যানগণকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | |
| ৭ | উপজেলা তথ্যকেন্দ্র | সভায় কাজের অগ্রগতি উল্লেখ করে উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান যে, তথ্যআপা: তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে নারীদের ক্ষমতায়ন প্রকল্পের আওতায় প্রধান কার্যালয়ের মাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী তথ্যকেন্দ্র থেকে ডোর টু ডোর এর মাধ্যমে ৩৬৫ জনকে (শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যাবসা, কৃষি, জেন্ডার ও অনলাইন আবেদন বিষয়ে) সেবা দেওয়া হয়েছে। প্রকল্প প্রধান কার্যালয়ের নির্দেশনায় নারী নির্যাতন প্রতিরোধ উপলক্ষ্যে ০১টি উঠান বৈঠকের মাধ্যমে ৫০ জনকে সেবা দেওয়া হয়েছে। ৪নং খর্নিয়া ইউনিয়নের ০৩নং ওয়ার্ডের সিংগা গ্রামে ১০/১২/২৪ তারিখে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রিসোর্স পারসন ছিলেন জনাব দোলা, এস আই (নিরস্ত্র:) এবং জনাব আশিকুর রহমান, টেকনিক্যাল অফিসার। তথ্যকেন্দ্র থেকে ৬৮ জনকে সেবা দেওয়া হয়েছে। এমতাবস্তায় তথ্যকেন্দ্র থেকে সর্বমোট ৪৮৩ জনকে উল্লেখিত বিষয়ে সেবা প্রদান করা হয়েছে। | তথ্যআপা তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে নারীদের ক্ষমতায়ন প্রকল্পের আওতায় উঠান বৈঠক, শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, কৃষি ও জেন্ডার বিষয়ে অনুষ্ঠান করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয় । | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা |
| ৮ | উপজেলা কৃষি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, বর্তমান মৌসুমে আমন বীজতলার লক্ষ্যমাত্র ৯১৫ হেক্টর নির্ধারণ করা হয়েছিল যা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। আমন আবাদ লক্ষ্যমাত্রা ১৫,৯০০ হেক্টর নির্ধারণ করা হয়েছিল। এ পর্যন্ত ১০,০৫০ হেক্টর জমিতে রোপন কার্যক্রম সম্পন্ন হয়েছে। দন্ডায়মান ফসলের মধ্যে সবজির আবাদ হয়েছে ২৭০০ হেক্টর এবং অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আমন ধান আবাদে লক্ষ্যমাত্র পূরণ করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয় । | উপজেলা কৃষি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা |
| ৯ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা | উপ-সহকারী প্রকৌশলী বলেন যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ডুমুরিয়া, খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। সমগ্র দেশে নিরাপদ পানি | ৩৪২ টি গভীর নলকূপ ও ২২ টি রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের কাজ চলমান। এছাড়া, | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা জনস্বাস্থ্য |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সরবরাহ প্রকল্পের আওতায় ৩৪২ টি গভীর নলকূপ ও ২২ টি রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের কাজ চলমান। এছাড়া, উপকূলীয় জেলাসমূহে বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্প এর আওতায় বরাদ্দ প্রাপ্ত রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের কাজ চলমান আছে। এছাড়া চলতি অর্থবছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৬০ টি গভীর নলকূপ ও ০৮ টি রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের ও উপকূলীয় জেলাসমূহে বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্প এর প্রাপ্ত বরাদ্দের স্থান তালিকা নির্বাচন স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ি চলমান রয়েছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলমান আছে। | উপকূলীয় জেলাসমূহে বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্প এর আওতায় বরাদ্দ প্রাপ্ত রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের কাজ চলমান আছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় । | প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব এস এম কামরুজ্জামান সভায় জানান, ২০২৪-২০২৫ অর্থবছরে চলতি মাসে ৩০ জন যুব/যুব নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ১১ জন যুব/যুব নারীকে আত্মকর্মীসহ চলতি অর্থবছরে ২৬ জন যুব/যুব নারীকে আত্মকর্মে নিয়োজিত করা হয়। আত্মকর্মসংস্থান কর্মসূচীতে এ অর্থবছরে ১৭ জন আত্মকর্মীকে ৮,৫০,০০০/- টাকা যুব ঋণ প্রদান করা হয়। এছাড়া ক্লাব রেজিষ্ট্রেশন কার্যক্রমসহ বায়োগ্যাস প্লান্ট স্থাপন এবং ঋণ সহযোগিতা চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। | ২০২৪-২০২৫ অর্থবছরে চলতি মাসে ৩০ জন যুব/যুব নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ১১ জন যুব/যুব নারীকে আত্মকর্মীসহ চলতি অর্থবছরে ২৬ জন যুব/যুব নারীকে আত্মকর্মে নিয়োজিত করা হয়। আত্মকর্মসংস্থান কর্মসূচীতে এ অর্থবছরে ১৭ জন আত্মকর্মীকে ৮,৫০,০০০/- টাকা যুব ঋণ প্রদান করা হয়। এছাড়া ক্লাব রেজিষ্ট্রেশন কার্যক্রমসহ বায়োগ্যাস প্লান্ট স্থাপন এবং ঋণ সহযোগিতা চলমান আছে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় । | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা |
| ১১ | বিবিধ আলোচনা | ইউপি চেয়ারম্যান ১৩ নং গুটুদিয়া বলেন যে, অবৈধ জমি/প্লট ব্যবসায়ীরা গুটুদিয়া ইউনিয়নের বেশ কিছু খাল অবৈধ ভাবে ভরাট করেছে খালগুলো অবমুক্ত করতে প্রায় ৪ থেকে ৫ কোটি টাকা প্রয়োজন। প্রোপার্টিজের মাধ্যমে খালগুলো অবমুক্ত করা যায় কিনা সে বিষয়ে আলোচনা করেন।<br><br>খ) উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, ডুমুরিয়া খুলনা বলেন, ডুমুরিয়া উপজেলা মডেল মসজিদের সামনে ডোবা/পুকুর ভরাট করে মসজিদের সৌন্দর্য্য বৃদ্ধি করা যায় কিনা সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা | এ বিষয়ে সভায় আলোচনা হয় । আলোচনান্তে অবৈধ প্লট ব্যবসায়ীদের নামের তালিকা তৈরী করে উপজেলা প্রশাসন বরাবর অতিদ্রুত প্রেরণে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>খ) এ বিষয়ে সভায় আলোচনা হয় । আলোচনান্তে ডোবা/পুকুর ভরাটের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ এবং উপজেলা সহকারি কমিশনার (ভূমি) ডুমুরিয়া, খুলনা |

CamScanner

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | হয়।<br><br>গ) ইউপি চেয়ারম্যান ৫ নং আটলিয়া বলেন যে, আমার ইউনিয়নের গ্রাম বাসিরা এবছর বন্যায় অনেক ক্ষতি গ্রস্থ হয়েছে। আমার ইউনিয়নের খালগুলো খনন করে স্থায়ী সমাধান করা দরকার এবং উপজেলা কৃষি ও খাস জমি ব্যবস্থাপনা কমিটির সভা গত কয়েক মাস যাবত নিয়মিত হচ্ছে না এমতাবস্থায় আগামীতে যাতে নিয়মিত সভা অনুষ্ঠিত হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।<br><br>ঘ) ইউপি চেয়ারম্যান ৯ নং সাহস বলেন যে, উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া কর্তৃক আমার ইউনিয়নের ব্যক্তিমালিকানা জায়গায় ৪টি গাছ টেন্ডার দিয়েছেন। যার ফলে বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে।<br><br>ঙ) উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা-২০২৫ এ উপজেলা পর্যায়ে ক্রীড়া, সাংস্কৃতিক, বিষয়ভিত্তিক কুইজ ও কাবিং প্রতিযোগিতা দুইটি গ্রুপে ক ও খ (বালক ও বালিকা) ৫৪ টি ইভেন্টে সুষ্ঠুভাবে খেলা পরিচালনা, মাঠসজ্জা এবং পুরস্কার বিতরন করার জন্য সরকারি বরাদ্দের স্বল্পতা হেতু অতিরিক্ত ৫০,০০০/- প্রয়োজন বলে সভায় অবহিত করেন।<br><br>চ) ইউপি চেয়ারম্যান ১১ নং ডুমুরিয়া বলেন যে, প্রতিটি আবাসন প্রকল্পে বৈদ্যুতিক বিষয় নিয়ে সমস্যা দেখা দিচ্ছে। দ্রুত বিষয়টি সমাধান করা প্রয়োজন।<br><br>ছ) উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, ডুমুরিয়া খুলনা বলেন, বিগত ০৫ আগস্ট ২০২৪ খ্রি. তারিখে সরকার পতনের পর বিক্ষুব্ধ জনতা 'বঙ্গবন্ধু শেখ মুজিব' | গ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে খালগুলো খনন ও খাল ইজারা না দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয় এবং বিধি অনুযায়ী উপজেলা কৃষি ও খাস জমি ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>ঘ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br><br>ঙ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা-২০২৫ এর প্রয়োজনীয় চাহিদা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>চ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে আবাসন প্রকল্পে বৈদ্যুতিক বিষয়ে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো<br><br>১) সহকারি কমিশনার (ভূমি)- আহবায়ক<br><br>২) উপজেলা প্রকৌশলী- সদস্য সচিব<br><br>৩) উপ-মহাব্যবস্থাপক, ডুমুরিয়া পল্লী বিদ্যুৎ সমিতি- সদস্য<br><br>৪) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা- সদস্য<br><br>৫) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান- সদস্য<br><br>ছ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে উপস্থিত সকল সদস্যদের সম্মতিক্রমে 'বঙ্গবন্ধু শেখ মুজিব' ম্যুরালের পরিবর্তে | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ম্যুরাল ভেঙ্গে ফেলে। সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বাংলাদেশ ও উপজেলার মানচিত্র স্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। | |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮.০১.২০২৫
মুহাম্মদ আল-আমিন
প্রশাসক
ডুমুরিয়া উপজেলা পরিষদ
ডুমুরিয়া, খুলনা
ফোনঃ ০৪০২৫-৫৬২২৫(অফিস)

স্মারক নং-০৫.৪৪.৪৭৩০.০০১.০৬.০০১.২১.৬৭ (৫০)

তারিখ: ২৮/০১/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১ সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২ বিভাগীয় কমিশনার, খুলনা।
০৩ জেলা প্রশাসক, খুলনা।
০৪ উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
০৫ নির্বাহী প্রকৌশলী এল.জি.ই.ডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/ পানি উন্নয়ন বোর্ড,খুলনা।
০৬ উপপরিচালক, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, খুলনা।
০৭ জেলা শিক্ষা অফিসার, খুলনা।
০৮ ----------------------------------------------------------------------------------------(জেলা পর্যায়ের দপ্তর সংশ্লিষ্ট প্রধান)
০৯ উপজেলা ------------------------------------------------------------------------, ডুমুরিয়া, খুলনা।
১০ উপজেলা আই.সি.টি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১১ জনাব ----------------------------------------------------------------------

২৮.০১.২০২৫
মুহাম্মদ আল-আমিন
উপজলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা
ফোনঃ ০৪০২৫-৫৬০০১

CamScanner